গাংনীতে ওয়ান শুটার গান ও গুলিসহ আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামে অভিযান চালিয়ে একটি ভারতীয় তৈরি ওয়ান শুটার গান ও দুই রাউন্ড গুলিসহ মোশারফ হোসেন (৩৬) নামে একজনকে আটক করেছে যৌথ বাহিনী।

শুক্রবার(১২ ডিসেম্বর) রাত সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক মোশারফ হোসেন ওই গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

জানা গেছে, মোশারফ হোসেনের কাছে অবৈধ অস্ত্র রয়েছে এমন গোপন সংবাদের ভিত্তিতে যৌথ বাহিনী তার দোকান ও বাড়িতে তল্লাশি চালায়। তল্লাশিকালে একটি ভারতীয় তৈরি ওয়ান শুটার গান এবং দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। এ সময় মেহেরপুর আর্মি ক্যাম্প ও র্যাব-১২ এর সদস্যরা তাকে আটক করেন।

আটক মোশারফ হোসেনের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়ের করে তাকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আটক ব্যক্তির বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ ছাত্রদল নেতা আটক

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ লিখন নামের এক ছাত্রদল নেতা গ্রেফতার হয়েছে।

আলমডাঙ্গা পৌরসভার বাবুপাড়া এলাকায় বাংলাদেশ সেনাবাহিনীর অস্থায়ী ক্যাম্প হারদী ও আলমডাঙ্গা থানা পুলিশের যৌথ অভিযানে দেশীয় অস্ত্রসহ লিখন নামের একজন ছাত্রদল নেতাকে আটক করা হয়েছে।

সেনাবাহিনীর ক্যাপ্টেন তোফাজ্জেল হকের নেতৃত্বে গভীর রাতে পরিচালিত এ অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে বাবুপাড়ার একটি টংঘর ঘিরে ফেলে অভিযানে অংশ নেয় সেনা ও পুলিশ সদস্যরা। অভিযান চলাকালে টংঘরের ভেতর থেকে একটি ওয়ান শুটার গান, একটি চাইনিজ কুড়াল, এবং একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। একই সময় সেখানেই অবস্থানরত মৃত তারাচাঁদের ছেলে মোঃ লিখন হাসান হিরক(২৬) কে আটক করা হয়।

উদ্ধারকৃত অস্ত্র ও আলামত পুলিশ জব্দ করে এবং আটক ব্যক্তির বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, সেনাবাহিনীর নির্দেশনায় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে বিদেশি অস্ত্র ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের মুজিবনগরে সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও পাঁচ রাউন্ড গুলিসহ নাহিদ হাসান রাজু (২৯) নামে এক যুবককে আটক করা হয়েছে।

বুধবার (৩ ডিসেম্বর) ভোররাতে মোনাখালি ইউনিয়নের রশিকপুর গ্রামের নিজ বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। আটক নাহিদ হাসান রাজু ওই গ্রামের মোশারফ হোসেনের ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে যৌথবাহিনী তার বাড়ির আশেপাশে অবস্থান নেয়। এসময় তার চলাফেরা সন্দেহজনক হওয়ায় ভোর ৩টার দিকে যৌথবাহিনী বাড়িটি ঘিরে ফেলে। পরে তার শয়নকক্ষের বিছানার নিচ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন এবং পাঁচ

রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে রাজু অস্ত্রটি তার কাছে থাকার কথা স্বীকার করেছে। অস্ত্রটি কোথা থেকে এসেছে এবং এর সঙ্গে আরও কেউ জড়িত আছে কি না তা তদন্ত করে দেখা হচ্ছে।
তিনি আরও জানান, রাজুর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে ১০টি স্বর্ণের বারসহ ভারত ও বাংলাদেশের নাগরিক আটক

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর সীমান্তে ১০টি স্বর্ণের বারসহ ভারতীয় ও বাংলাদেশি নাগরিকসহ দুইজনকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

গতকাল রবিবার বিকেল ৪টার দিকে বাজিতপুর সীমান্তের ১১৭/৬-এস নম্বর পিলারের কাছে তাদের আটক করা হয়। আটক হওয়া স্বর্ণের বারের বাজারমূল্য আনুমানিক দুই কোটি দশ লাখ টাকা বলে জানিয়েছে বিজিবি।

আটক ব্যক্তিরা হলেন ভারতের নদীয়া জেলার তেহট্ট থানার শাহাপুর গ্রামের মিরাজুল শেখের ছেলে মিজানুর রহমান (২৪) এবং মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের মৃত আওয়াল হোসেনের ছেলে আব্বাস আলী (৪৫)।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লে. কর্নেল মো. নাজমুল হাসান জানান, বাজিতপুর বিজিবি ক্যাম্পের হাবিলদার শাহজাহান সিরাজের নেতৃত্বে নিয়মিত টহল চলাকালে সীমান্তে তারা সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখা যায়। জিজ্ঞাসাবাদের জন্য ডাকলে তারা দৌড়ে পালানোর চেষ্টা করলে বিজিবির সদস্যরা তাদের আটক করে ক্যাম্পে নিয়ে আসে। এসময় তাদের বহন করা ঘাসের বস্তার ভেতর থেকে ১০টি স্বর্ণের বার উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা করার প্রস্তুতি চলছে এবং উদ্ধার হওয়া স্বর্ণের বারগুলো মেহেরপুর ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা সীমান্তে ভারতে অনুপ্রবেশের চেষ্টায় একজন আটক

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে অবৈধভাবে ভারতে প্রবেশের চেষ্টা করার সময় রাজ্জাক (৩৫) নামে এক ব্যক্তিকে আটক করেছে বিজিবি। আটক রাজ্জাক দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের জেহের আলীর ছেলে।

বিজিবি সূত্রে জানা গেছে, শনিবার রাত ৯টার দিকে দর্শনা ক্যাম্পের হাবিলদার মিজানুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে টহলে বের হন। এ সময় জয়নগর এলাকার সীমান্ত পথে রাজ্জাককে ভারতের দিকে অনুপ্রবেশের চেষ্টা করতে দেখে তাকে আটক করা হয়।

এ ঘটনায় হাবিলদার মিজানুর রহমান বাদী হয়ে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। পরে দর্শনা থানা পুলিশ তাকে চুয়াডাঙ্গা আদালতে পাঠিয়েছে।

গাংনীতে গাঁজাসহ আটক- ২

মেহেরপুরের গাংনীতে গাঁজাসহ দুই যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ন (র্যাব)। গতকাল মঙ্গলবার রাতে পৌর শহরের রাজা ক্লিনিক এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো- গাংনী উপজেলার চিতলা গ্রামের আশাদুল ইসলামের ছেলে নাসিম (১৯) এবং একই গ্রামের রেজাউল হকের ছেলে রাশেদুল ইসলাম (২৩)।

র্যাব-১২ এর কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান (এস), বি এন বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি চৌকস দল পৌর শহরের রাজা ক্লিনিক এলাকায় অবস্থান নেয়।

এসময় সন্দেহভাজন দুই যুবককে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে ১ কেজি গাঁজা,২টি মোবাইল ফোন, ৩টি সিমকার্ড এবং একটি মোটরসাইকেল জব্দ করা হয়।

আটক নাসিম ও রাশেদুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে বলেও জানান র্যাবের ওই কর্মকর্তা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ বানী ইসরাইল জানান, আটক হওয়া দুইজনকে র্যাব গাংনী থানায় হস্তান্তর করেছে।

গাংনীতে যুবদল নেতা মনি আটক, অস্ত্র উদ্ধার

মেহেরপুরের গাংনীতে মনিরুজ্জামান মনি (৩৮) কে একটি অবৈধ ওয়ান শুটারগান অস্ত্রসহ আটক করেছে বাংলাদেশ সেনাবাহিনীর গাংনী ক্যাম্পের সদস্যরা। গতকাল রোববার দিবাগত রাত ২ টা থেকে আজ সোমবার সকাল ৬টা পর্যন্ত একটানা অভিযানের মাধ্যমে তাকে আটক করা হয়।

আটক মনি গাংনী পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক এবং পশ্চিম মালসাদহ গ্রামের মৃত মহিউদ্দিনের ছেলে।

গাংনী সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মনিরুজ্জামান মনির বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানের এক পর্যায়ে তার দেওয়া তথ্যের ভিত্তিতে বাড়ির ছাদে তল্লাশি চালিয়ে বালিভর্তি একটি বালতির ভিতরে পলিথিনে মোড়ানো অবস্থায় পরিত্যক্ত একটি ওয়ান শুটার গান উদ্ধার করা হয়। পরে ওই অস্ত্রসহ মনিকে আটক

করা হয়।

উদ্ধারকৃত অস্ত্র ও আটক মনির বিরুদ্ধে পরবর্তী আইনি ব্যবস্থার জন্য গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, আটক মনির বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়ের করা হয়েছে। তাকে আদালতে সোপর্দ করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনায় র্যাবের অভিযানে ইয়াবাসহ স্বামী-স্ত্রী আটক

মেহেরপুর র্যাব-১২ ইউনিট দর্শনার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে ২২ পিচ ইয়াবাসহ মনিরুল ইসলাম ওরফে মনা
(৪১) ও স্ত্রী নিলুফা ইয়াসমিনকে (৩৬) আটক করেছে।

গতকাল শনিবার বিকাল সাড়ে ৫ টার দিকে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানী কমান্ডারের কার্যালয়

ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩ অভিযান চালায় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এসময় র্যাব-১২ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর মনার বাড়িতে। অভিযান চালিয়ে ১৮ পিচ অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট উর্দ্ধার করে।

র্যাব-১২, সিপিসি-৩ আরও জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, ধৃত আসামী দীর্ঘদিন যাবৎ অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য ইয়াবা অন্য এলাকা হতে ক্রয় করে এনে নিজ এলাকাসহ আশপাশের এলাকায় বিক্রয় করে যুব সমাজকে ধ্বংসের দিকে ধাবিত করছে ।গতকালই তাদের দুজনের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে পুত্রবধূকে কুপিয়ে হত্যার অভিযোগ, শ্বশুর আটক

ঝিনাইদহের শৈলকূপায় শ্বশুরের ধারালো বটির আঘাতে লিমা বেগম (২৯) নামের এক পুত্রবধুর মৃত্যু হয়েছে। লিমা বেগম আব্দুর রবের স্ত্রী এবং মুকুল শেকের পুত্রবধু।

আজ রোববার ভোর ৫টার দিকে উপজেলার মনোহরপুর ইউনিয়নের পাইকপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় অভিযুক্ত শ্বশুর মানসিক প্রতিবন্ধী মুকুল শেখকে আটক করেছে পুলিশ। মরদেহটি উদ্ধার করে প্রথমে শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

স্থানীয়দের কাছ থেকে জানা যায়, ভোর ৫টার দিকে ঘুম ভাঙ্গলে নিজ ঘর থেকে বাড়ির উঠানে যান লিমা বেগম। তখন উঠানে দাঁড়িয়ে থাকা মুকুল শেখ তার হাতে থাকা বটি দিয়ে ছেলের স্ত্রীর শরীরে আঘাত করেন। সেসময় চিৎকারে অন্যরা ছুটে এসে তাকে উদ্ধার করে শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্তব্যরত চিকিৎসক ডা. আরিফুর রহমান জানান, ওই গৃহবধূকে আমরা মৃত অবস্থাতেই পেয়েছি। তার বুকের উপরের অংশে ধারালো অস্ত্রের আঘাত ছিল। ধারণা করা হচ্ছে অতিরিক্ত রক্তক্ষরণের ফলে এবং তীব্র আঘাতে অঙ্গ ক্ষতিগ্রস্ত হয়ে তার মৃত্যু হয়েছে।

শৈলকূপা থানার উপ-পরিদর্শক আব্দুল মান্নান বলেন, এ ঘটনায় মুকুল শেখকে আটক করা হয়েছে। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরির পর মর্গে পাঠানো হয়েছে। মুকুল শেখ মানসিক ভারসাম্যহীন বলেও অনেকে জানিয়েছে।

চুয়াডাঙ্গার মুন্সিপুর সীমান্তে স্বর্ণের বারসহ চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গা ৬ বিজিবি অভিযান চালিয়ে মুন্সিপুর সীমান্ত থেকে প্রায় ২৭ লক্ষ টাকা মূল্যর ১ টি স্বর্ণের বারসহ এক চোরাকারবারিকে আটক করেছে।

জানা যায়, আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসানের বিশেষ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালায় মুন্সিপুর সীমান্তের কুতুবপুর পাকা রাস্তার উপর। এসময় মুন্সিপুর ক্যাম্পের সুবেদার হাবিবুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে বিজিবি’র ৯৩/৩-আর হতে আনুমানিক ১২শ গজ বাংলাদেশের অভ্যন্তরে কুতুবপুর পাকা রাস্তার পার্শ্বে এ্যাম্বুশ করে।

পরে বিজিবি একটি মোটরসাইকেলযোগে ১ জন সন্দেহভাজন ব্যক্তিকে যেতে দেখতে পায়। এসময় তার গতিরোধ করে বিজিবি টহল দল ধাওয়া করে তাকে আটক করে। পরে বিজিবি দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের জসিম উদ্দীনের ছেলে হাসেম বিশ্বাসকে (৪৮),আটক করে। পরে তার দেহ তল্লাশী করে অভিনব কায়দায় লুঙ্গির কোচের লুকায়িত অবস্থায় সাদা স্কচটেপ দ্বারা মোড়ানো ১টি প্যাকেট উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত প্যাকেট হতে ১ টি স্বর্ণের বার জব্দ করা হয় যার ওজন ১৪০.৫৩ গ্রাম। এছাড়াও আটককৃত ব্যক্তির ব্যবহৃত ০১টি মোবাইল ফোন ও ০১টি মোটরসাইকেল জব্দ করা হয়।

গতকালই তাকে দামুড়হুদা মডেল থানায় সুবেদার হাবিবুর রহমান বাদি হয়ে আসামীকে হস্তান্তর করেছে। এবং উদ্ধারকৃত স্বর্ণের বার চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।